# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৩২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রথম ও তৃতীয় রাকাতের সাজদা থেকে দাঁড়ানোর সময় জমিনের উপর ভর দিয়ে দাঁড়ানো মুস্তাহাব

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ الِاعْتِمَادُ عَلَى الْأَرْضِ عِنْدَ الْقِيَامِ مِنَ الْقُعُودِ الَّذِي وَصَفْنَاهُ

আরবী

1932 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ السَّخْتِيَانِيُّ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ عَنْ خَالِدٍ الْحَذَّاءِ عَنْ أَبِي قِلَابَةَ أَنَّهُ حَدَّثَ عَنْ مَالِكِ بْنِ الْحُوَيْرِثِ: قَالَ: دَخَلَ عَلَيْنَا مَسْجِدَنَا قَالَ: إِنِّي لَأُصَلِّي وَمَا أُرِيدُ الصَّلَاةَ وَلَكِنِّي أُرِيدُ أَنْ أُعَلِّمَكُمْ كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي قَالَ: فَذَكَرَ اللَّهَ حَيْثُ رَفَعَ رَأْسَهُ مِنَ السُّجُودِ فِي الرَّكْعَةِ الْأُولَى اسْتَوَى قَاعِدًا ثُمَّ قَامَ فَاعْتَمَدَ عَلَى الأرض.

الراوي : مَالِك بْن الْحُوَيْرِثِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1932 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (790)

বাংলা

১৯৩২. আবূ কিলাবাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার মালিক বিন হুয়াইরিস রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের মাসজিদে এসে বলেন, “নিশ্চয়ই আমি এখন সালাত আদায় করবো। আমার অবশ্য এখন সালাত আদায় করার ইচ্ছা ছিল না। কিন্তু আমি আপনাকে শিক্ষা দিতে চাই যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিভাবে সালাত আদায় করেছেন।” আবূ কিলাবাহ বলেন, “অতঃপর তিনি বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন প্রথম রাকা‘আতের দ্বিতীয় সাজদা থেকে মাথা উত্তোলন করতেন, তখন তিনি প্রথমে সোজাভাবে বসতেন, তারপর জমিনে ভর দিয়ে দাঁড়াতেন।”[1]

ফুটনোট

[1] তিরমিযী: ২৮৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৬৮; নাসাঈ: ২/২৩৪; সহীহ ইবনু খুযাইমাহ: ৬৮৬; সহীহ আল বুখারী: ৮২৩; আবূ দাঊদ: ৮৪৪; সুনান বাইহাকী: ২/১২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কিলাবাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91148

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন